# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১১০৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫. প্রথম অনুচ্ছেদ - ইমাম ও মুক্তাদীর দাঁড়াবার স্থান

بَابُ الْمَوْقِفِ

### আরবী

وَعَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى بِهِ وَبِأُمِّهِ أَوْ خَالَتِهِ قَالَ: فَأَقَامَنِي عَنْ يَمِينِهِ وَأَقَامَ الْمَرْأَةَ خَلْفَنَا. رَوَاهُ مُسْلِمٌ

### বাংলা

১১০৯-[৪] আনাস (রাঃ) থেকেই বর্ণিত। একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে, তার মা ও খালাসহ সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন। তিনি বলেন আমাকে তিনি তাঁর ডান পাশে দাঁড় করালেন। মহিলাদেরকে দাঁড় করালেন আমাদের পেছনে। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৬৬০।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: উল্লেখিত হাদীসটি ঐ ব্যাপারে প্রমাণ বহন করছে যে, জামা‘আতে ইমামের সাথে যখন একজন পুরুষ ও একজন মহিলা উপস্থিত হবে তখন পুরুষের দাঁড়ানোর স্থান ইমামের ডানপাশে ও মহিলার দাঁড়ানোর স্থান তাদের উভয়ের পেছনে। এ ক্ষেত্রে মহিলা পুরুষদের সাথে দাঁড়াবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55669

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন